# মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নাম্বারঃ ২১৬৮

পর্ব-৮: কুরআনের মর্যাদা (كتاب فضائل القرآن)

পরিচ্ছেদঃ তৃতীয় অনুচ্ছেদ

اَلْفَصْلُ الثَّالِثُ

---

আরবী

وَعَنِ ابْنِ عُمَرَ رَضِيَ اللَّهُ عَنْهُمَا قَالَ: قَالَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ: «إِنَّ هَذِهِ الْقُلُوبَ تَصْدَأُ كَمَا يَصْدَأُ الْحَدِيدُ إِذَا أَصَابَهُ الْمَاءُ» . قِيلَ يَا رَسُولَ اللَّهِ وَمَا جِلَاؤُهَا؟ قَالَ: «كَثْرَةُ ذِكْرِ الْمَوْتِ وَتِلَاوَةِ الْقُرْآنِ» . رَوَى الْبَيْهَقِيُّ الْأَحَادِيثَ الْأَرْبَعَةَ فِي شُعَبِ الْإِيمَانِ

বাংলা

২১৬৮-[৬০] ’আবদুল্লাহ ইবনু ’উমার (রাঃ) হতে বর্ণিত। তিনি বলেন, রসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেনঃ নিশ্চয় হৃদয়ে মরিচা ধরে, যেভাবে পানি লাগলে লোহায় মরিচা ধরে। তাঁকে জিজ্ঞেস করা হলো, হে আল্লাহর রসূল! এ মরিচা দূর করার উপায় কী? তিনি (সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম) বললেন, বেশি বেশি মৃত্যুকে স্মরণ করা ও কুরআন তিলাওয়াত করা। (উপরে বর্ণিত এ চারটি হাদীস ইমাম বায়হাক্বী তাঁর ’’শু’আবূল ঈমান’’-এ বর্ণনা করেছেন)[1]

ফুটনোট

[1] য‘ঈফ : শু‘আবূল ঈমান ১৮৫৯, য‘ঈফাহ্ ৬০৯৬। কারণ এর সানাদে ‘আবদুর রহীম ইবনু হারূন একজন মাতরূক রাবী।

ব্যাখ্যা

ব্যাখ্যা: মানুষের অন্তরের জমাকৃত পাপকে লোহার মরিচার সাথে সাদৃশ্য দেয়া হয়েছে। লোহায় পানি বা আর্দ্রতা স্পর্শ করলে তা ধীরে ধীরে লালচে মরিচা যুক্ত হয়ে যায়। লোহার ঐ মরিচা দূর করার জন্য রেত ইত্যাদি যন্ত্র রয়েছে যা ছুরি, চাকু ইত্যাদির মুখকে চকচকে করে ফেলে, অনুরূপভাবে কলব বা অন্তর পরিষ্কার করার যন্ত্র হলো

অধিক হারে মৃত্যুকে স্মরণ করা এবং কুরআন তিলাওয়াত করা।

হাদিসের মান: যঈফ (Dai'f) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=56728

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন